

বিজ্ঞান অন্ত্বেষক

(একটি গণবিজ্ঞান ভাবনার পত্রিকা)

উদ্দেশ্য : সর্বস্তরে বিজ্ঞান চেতনার প্রচার ও প্রসার

R.N.I. NO (NEW DELHI) / WBBEN / 2003/11192 Email : 1) bijnandarbar1980@gmail.com
2) ganabijnan@yahoo.co.in 3) deyjoydev1964@gmail.com 4) www.facebook.com/bijnandarbar
kanchrapara. Correspondence: 585, Ajoy Banerjee Road, (Binod Nagar P.O.), P.O. Kanchrapara
PIN--743145, Dt. North 24 Parganas, West Bengal. India.

পত্রাঙ্কনং... ১২৩/(১০০)/বিডি/২০১৬.....

তারিখ..... ২৩/০৬/২০১৬

বিশ্ব পরিবেশ দিবস উদযাপন

পরিবেশ নিয়ে প্রদর্শনী , আলোচনা কুইজ প্রতিযোগিতা

২২ জুন , ২০১৬ পলাশী (উ:২৪ পরগনা) বিজ্ঞান অন্ত্বেষকের পরিচালনায় আচার্য্য দুর্গাপ্রসন্ন গার্লস হাই স্কুলে পরিবেশ দিবস উদযাপন করা হয়। আলোচনা ও প্রদর্শণীর শুরুতে প্রধান শিক্ষিকা ড. মাধবী ভট্টাচার্য্য বলেন পরিবেশ দূষণ সমস্যাটি আজ ভীষনভাবে বেড়ে চলেছে। জলাশয় প্রকৃতির কিডনি অথচ , আমরা বাস্তব অভিজ্ঞতায় দেখছি প্রতিনিয়ত জলাশয় ভরাট হয়ে যাচ্ছে। এর ফলে পরিবেশের ভারসাম্য বিঘ্নিত হচ্ছে। মাছের উৎপাদন হ্রাস পাচ্ছে। তাজা শাক-সবজি জলাশয় থেকে প্রচুর পরিমাণে পাওয়া যায়, প্রচুর পরিমাণে অক্সিজেনের একমাত্র উৎস জলাশয়। বঙ্গ পরিবেশে গাছের ভূমিকার কথা উল্লেখ করেন। ছাত্র-ছাত্রীদের পরিবেশ সচেতন হবার আহ্বান জানান নবম ও দশম শ্রেণির ছাত্রীদের নিয়ে পরিবেশের ৩০টি প্রশ্নোত্তর পর্ব চালানো হয়। স্কুলের শিক্ষিকারা এবং বিজ্ঞান অন্ত্বেষকের সদস্যরা কুইজ প্রতিযোগিতা পরিচালনা করেন। স্কুলের ছাত্রীরা খুব আনন্দের সঙ্গে কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অদिति দে, মৌ দাস, অঙ্কিতা দাস, দেকিকা দাস, প্রাপ্তিকর, রিয়া দত্ত, সোনালী দাস, সোহানা খাতুন, চম্পাবতী সর্দার, পূজা দেবনাথ সহ ৩০ জন ছাত্রী পুরস্কার পান।

২য় পর্যায়ে পরিবেশ ও জীবনযাত্রা শীর্ষক আলোকচিত্রসহ কল্লোল রায় পরিবেশের জলবায়ু পরিবর্তন নিয়ে বলেন। পেট্রোল বা ডিজেল চালিত গাড়ির সংখ্যা কমানো উচিত, নতুবা পরিবেশের তাপমাত্রা দ্রুত বাড়তে থাকবে, এর ফলে পৃথিবীর বহু দেশ জলের তলায় চলে যাবে, সুন্দরবনের বহু দ্বীপ জলের তলায় চলে যাবে। নবীকরণযোগ্য শক্তির ব্যবহার বাড়ানো উচিত। কয়লা বা জীবাশ্মজালানীর ব্যবহার হ্রাস করে জলবিদ্যুৎ, সৌরবিদ্যুৎ হাওয়াবিদ্যুৎ এর ব্যবহার বৃদ্ধি করা উচিত। শ্রীরায় ছাত্রীদের প্রশ্নের উত্তরে জানান মাটির তলার জল না তুলে বৃষ্টির জল ধরে রাখার উপর জোর দেন। এতে আর্সেনিক দূষণ কমবে। প্রতিটি জলাশয়কে পরিবেশের স্বার্থে সংরক্ষণ করা উচিত। রাস্তার ধারে বেশি করে গাছ লাগানো প্রয়োজন। বনাঞ্চলে বড় বড় গাছ, এবং ফলের গাছ বেশি করে লাগাতে হবে

সাপ ও পরিবেশ বিষয়ে আলোকচিত্রসহ আলোচনা করেন বিজ্ঞানকর্মী জয়দেব দে। নবম ও দশম শ্রেণির ছাত্রীদের মধ্যে বিষধর ও নির্বিষ সাপের ছবিসহ ব্যাখ্যা করেন। কোবরা (যেমন-- কিং কোবরা, গোখড়ো, কেউটে), কালচ, শাখামুটি, চন্দ্রবোড়া প্রভৃতি বিষধর সাপ এবং কালনাগিনী, লাউডগা, দাড়া, হেলে, ঘরচিতি ছবিসহ আলোচনা করেন। নির্বিষ ও বিষধর সাপের কামড়ের পার্থক্য ও সাপের কামড়ের চিকিৎসা নিয়ে বিভিন্ন প্রশ্নোত্তর সহ আলোচনা করেন। এক প্রশ্নের উত্তরে বঙ্গা শ্রীদে জানান যে, বিষধর সাপে কামড়ালে দ্রুত রোগীকে সাহস যোগাতে হবে, হাঙ্কা বাঁধন দিতে হবে, তাড়াতাড়ি হাসপাতালে পাঠাতে হবে। অ্যান্টি ভেনম সিরাম ইনজেকশন দিয়ে চিকিৎসা করতে হবে। ২০১৬ সালের বিশ্ব পরিবেশ দিবসের প্রধান উদ্দেশ্য অবৈধভাবে বন্যপ্রাণী পাচার বন্ধ করার বিরুদ্ধে লড়াই করার আহ্বান দেন আন্তর্জাতিক সংস্থা ইউনেপ। UNEP (UNITED NATIONS ENVIRONMENT PROGRAMME) বিজ্ঞান অন্ত্বেষকের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে বন্যপ্রাণী সংরক্ষণের প্রয়োজনীয়তার কথা প্রচার করা হয়। ছাত্রীদের মধ্যে বিজ্ঞান পত্র-পত্রিকা প্রচার করা হয়। প্রতিবেদক-- জয়দেব দে